

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
সামষ্টিক অর্থনীতি অনুবিভাগ
www.mof.gov.bd

নং ০৭.০৯৭.০২০.০২.০০.০০২.২০০৯-১৯

তারিখ: ০৫ আশ্বিন, ১৪১৮
২০ সেপ্টেম্বর, ২০১১

বিষয়: বস্ত্রশিল্প সংশ্লিষ্ট মিলসমূহের জন্য বিশেষ আর্থিক সহায়তা প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বস্ত্রশিল্প সংশ্লিষ্ট বিটিএমএ-র মিলসমূহ কর্তৃক কাঁচামাল হিসেবে ব্যবহৃত তুলার মূল্য বিগত আগস্ট, ২০১০ হতে মার্চ, ২০১১ সময়ে আকস্মিকভাবে বৃদ্ধি পাওয়ার প্রেক্ষিতে বিটিএমএ-র মিলসমূহকে সরকার নিম্নোক্তভাবে বিশেষ সুবিধা প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেছে:

“বস্ত্রশিল্পের স্পিনিং ও উইভিং সংশ্লিষ্ট বিটিএমএ এর মিলসমূহের যে সকল মিল আগস্ট, ২০১০ হতে মার্চ, ২০১১ সময়ে উচ্চমূল্যে (পূর্ববর্তী ছয় মাসের গড় মূল্যের অধিক মূল্য) তুলা আমদানি করেছে সে সকল মিলকে কেবল চলতি ২০১১-১২ অর্থবছরে বস্ত্রখাতে বিদ্যমান নগদ সহায়তা/প্রণোদনার অতিরিক্ত হিসাবে ৫% (পাঁচ শতাংশ) নগদ সহায়তা প্রদান।”

২। তাছাড়া, বস্ত্রশিল্পের মিলগুলোকে সরকারি/বেসরকারি ব্যাংকগুলো অর্থায়ন করে থাকে বিধায় তুলার মূল্যবৃদ্ধিজনিত কারণে যে সকল মিল অসুবিধায় রয়েছে তাদের স্থলমেয়াদী ব্যাংক ঋণকে দীর্ঘমেয়াদী ঋণে রূপান্তরের বিষয়টি এবং ব্যাংক সংশ্লিষ্ট প্রস্তাবনাসমূহ পর্যালোচনা করে প্রয়োজনীয় কার্যকরী পদক্ষেপ গ্রহণের জন্য বাংলাদেশ ব্যাংককে অনুরোধ প্রদান করা যাচ্ছে।

(৪২ - ২০/০৯/২০১১)

(রেহানা পারভীন)

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯৫৭০০৬১

Email: rehanap@finance.gov.bd

বিতরণ: অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা
২. সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. সচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. ভাইস চেয়ারম্যান, রপ্তানি উন্নয়ন ব্যুরো, কাওরান বাজার, ঢাকা
৫. অর্থনৈতিক উপদেষ্টা, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. মহাপরিচালক, মনিটরিং সেল, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৭. যুগ্ম-সচিব, বাজেট অনুবিভাগ-১/বাজেট অনুবিভাগ-২, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৮. সচিবের একান্ত সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা